# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় : হজের মূল পর্ব

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. চতুর্থ আমল : তাওয়াফে ইফাযা এবং হজের সা‘ঈ

তাওয়াফে ইফাযা ফরয এবং এ তাওয়াফের মাধ্যমেই হজ পূর্ণতা লাভ করে। তওয়াফে ইফাযাকে তাওয়াফে যিয়ারতও বলা হয়। আবার অনেকে এটাকে হজের তাওয়াফও বলে থাকেন। এটি না হলে হজ শুদ্ধ হবে না। আল্লাহ তা‘আলা বলেন,

﴿ ثُمَّ لۡيَقۡضُواْ تَفَثَهُمۡ وَلۡيُوفُواْ نُذُورَهُمۡ وَلۡيَطَّوَّفُواْ بِٱلۡبَيۡتِ ٱلۡعَتِيقِ ٢٩ ﴾ [الحج: ٢٩]

‘তারপর তারা যেন পরিষ্কার-পরিচ্ছন্ন হয়, তাদের মানতসমূহ পূরণ করে এবং প্রাচীন ঘরের তাওয়াফ করে।’[1]

## ফুটনোট

[1]. হজ : ২৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7424

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন